ফাতওয়া নাম্বার: ৬১৩ প্রকাশকালঃ২১-১২-২০২৫ ইং

ফেসবুক বুস্টে BIN নাম্বার ব্যবহার করে ভ্যাট এড়ানোর শরঈ বিধান

প্রশ্ন:

আমি একজন প্রফেশনাল ডিজিটাল মার্কেটার। বিভিন্ন বিজনেস পেজ ম্যানেজমেন্ট ও ফেসবুক বুস্টের কাজ করি। বাংলাদেশে' /" ব্যাংক কার্ড ব্যবহার করে বুস্ট করলে প্রতি ডলারে মোট ৩০% ভ্যাট কাটা হয়–এর মধ্যে ১৫% ব্যাংক এবং ১৫% ফেসবুক কেটে নেয়। তবে ফেসবুকে BIN নাম্বার যুক্ত করলে ফেসবুকের ১৫% ভ্যাট আর কাটা হয় না।

এ কারণে অনেকে বিভিন্ন পেজ থেকে BIN নাম্বার কিনে ব্যবহার করে, আবার ইচ্ছেমতো ১৩ সংখ্যার নাম্বার বসালেও ফেসবুক তা গ্রহণ করে। এমনকি পরিচিত কারো BIN ব্যবহার করলেও ফেসবুকের ১৫% ভ্যাট কাটা হয় না।

এভাবে BIN নাম্বার ব্যবহার করে যদি ফেসবুকের ১৫% ভ্যাট থেকে বেঁচে যাওয়া হয়, তাহলে তা শরীয়তসম্মত হবে কি না? যদি তা জায়েয না হয়, তাহলে একজন ডিজিটাল মার্কেটার হিসেবে আমার করণীয় কী? কারণ আমি নিজের কার্ড ব্যবহার করেই বিভিন্ন ক্লায়েন্টের জন্য

অ্যাড রান করি, অথচ সবার আলাদা BIN থাকে না এবং সবার BIN যুক্ত করাও সম্ভব হয় না।

-মুহাম্মদ শান্ত শেখ

উত্তর:

আমাদের জানা মতে ফেসবুকে বিজ্ঞাপন দেওয়ার জন্য যে ভ্যাট দিতে হয়, বিন নাম্বার থাকলে ১৫% এবং না থাকলে ৩০%—এর পুরোটাই তাগুত সরকারের রাজস্ব ফান্ডে যায়। সামর্থ্য থাকলে তাগুত সরকারকে এরকম অন্যায়ভাবে আরোপিত ভ্যাট দেয়া থেকে বিরত থাকা জরুরি। সুতরাং বিন নাম্বার বসিয়ে ভ্যাট থেকে বাঁচা শুধু জায়েযই নয়; বরং কর্তব্য। -আহকামুল কুরআন: ২/৩৮১ (ইলমিয়্যাহ); রদ্দুল মুহতার: ২/৩৩৬ (দারুল ফিকর)[1]

আরও দেখুন:

ফাতওয়া নং ১৩৭: বর্তমান তাগুত সরকারকে ট্যাক্স দেওয়া কি জায়েয হবে?

---

[1] أحكام القرآن للجصاص ط العلمية (2/ 381)

وقوله تعالى: {ولا تعاونوا على الأثم والعدوان} نهي عن معاونة غيرنا على معاصي الله تعالى.

الدر المختار وحاشية ابن عابدين (رد المحتار) (2/ 336)

فإن ما حرم أخذه حرم إعطاؤه كما في الأشباه أي إلا لضرورة فإذا كان الظالم لا بد من أخذه المال على كل حال لا يكون العاجز عن الدفع عن نفسه آثما بالإعطاء بخلاف القادر فإنه بإعطائه ما يحرم أخذه يكون معينا على الظلم باختياره تأمل

ফাতওয়া নং ১৯৫: কাস্টমস ট্যাক্স ফাঁকি দিয়ে অন্য দেশ থেকে স্বর্ণ নিয়ে আসার হুকুম কী?

ফাতওয়া নং ২১৩: ভ্যাট ফাঁকি দিয়ে বিদেশি মোবাইল আমদানি করা ও ক্রয়-বিক্রয় করার হুকুম কী?

ফাতওয়া নং ৩১৩: ট্যাক্স ফাঁকি দিয়ে পণ্য আমদানি করার হুকুম কী?

ফাতওয়া নং ৪৭৫: তাগুত সরকারকে ট্যাক্স দেওয়ার বিধান

ফাতওয়া নং ৫৫৫: কাস্টমস ট্যাক্স ফাঁকি দিয়ে ব্যবসা করার বিধান

উল্লেখ্য, এখানে আমরা শুধু তাগুত সরকারকে ট্যাক্স দেয়ার মাসআলা বলেছি। পক্ষান্তরে আপনি যে ডিজিটাল মার্কেটিংয়ের কাজ করেন, সেটা আদৌ জায়েয কি না, জায়েয হলে তার সীমারেখা কী, তা এখানে আলোচনা করা হয়নি। সেটা অবশ্যই আপনার কাজের বিস্তারিত তথ্য দিয়ে নির্ভরযোগ্য কোনো ফতোয়া বিভাগ থেকে জেনে নিবেন।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৯-০৬-১৪৪৭ হি.
২১-১২-২০২৫ ঈ.